



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২০৯২

তারিখ: ০৭/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়: ডুমুরিয়া উপজেলায় প্রকল্পের সুফলভোগীদের জমাকৃত পুঁজির অর্থ স্থায়ী আমানতে সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)' প্রকল্পের স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১০৭-১২-১৪০০ তারিখ: ২০/২/২০১৪ খ্রিস্টাব্দ মূলে প্রকল্পভুক্ত সুফলভোগীদের জমাকৃত পুঁজির অর্থ ব্যাংকে স্থায়ী আমানত (এফডিআর) হিসেবে সংরক্ষণের নির্দেশনা জারি করা হয়। কিন্তু অতিসম্প্রতি ডুমুরিয়া উপজেলায় কর্মরত প্রকল্পের এআরডিও'র সাথে টেলিফোনিক আলাপে জানা যায় উক্ত উপজেলায় সদস্যদের জমাকৃত পুঁজির অর্থ ব্যাংকে স্থায়ী আমানত (এফডিআর) হিসেবে সংরক্ষণ করা হয়নি। ফলে উপজেলায় প্রকল্পভুক্ত সুফলভোগীদের জমাকৃত পুঁজির উপর লভ্যাংশ প্রদান ব্যাহত হওয়ার আশংকা সৃষ্টি হয়েছে। বিষয়টি উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ইউআরডিও) এবং প্রকল্পের এআরডিও'র দায়িত্ব পালনে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় বহন করে।

এমতাবস্থায় উক্ত কর্মকর্তাদেরকে বর্ণিত বিষয়ে ব্যাখ্যা তলবসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপপরিচালক,
বিআরডিবি, খুলনা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস কপি।